**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)

সার্কুলার নং-৯৮৪৪ জি, তারিখঃ ০৫ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ- বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর বিশেষ বিধান যথাযথভাবে প্রতিপালন সংক্রান্ত।**

বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ দেশের সামগ্রিক আর্থসামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রণীত একটি বিশেষ আইন। এই আইনে অপ্রাপ্ত বয়স্ক পুরুষ (২১ বছর পূর্ণ করেন নাই এমন কোনো পুরুষ) এবং মহিলা (১৮ বছর পূর্ণ করেন নাই এমন নারী) এর বিবাহ নিষিদ্ধ করা হয়েছে।

বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর ১৯ ধারায় নিতান্তই ব্যতিক্রম হিসাবে কোনো বিশেষ প্রেক্ষাপট বিবেচনায় অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থে, আদালতের নির্দেশ এবং পিতা-মাতা বা প্রযোজ্য ক্ষেত্রে অভিভাবকের সম্মতিক্রমে বাল্যবিবাহ অনুষ্ঠানের বিশেষ বিধান সন্নিবেশিত করা হয়েছে। এ বিশেষ বিধানটি আইনের ব্যতিক্রম হিসেবে সর্বাবস্থায় সর্বোচ্চ সতর্কতার সাথে প্রয়োগযোগ্য। আবার, এই আইনের অধীন কার্যধারা নিষ্পত্তির ক্ষেত্রে ঘটনার সত্যতা নিরূপণের নিমিত্ত আদালতকে এ আইনের ১৬ ধারায় সরেজমিনে তদন্ত করার এখতিয়ার প্রদান করা হয়েছে। সঙ্গতকারণে আদালত কর্তৃক বাল্যবিবাহ অনুষ্ঠানের অনুমতি প্রদানের পূর্বে অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ রক্ষিত হওয়ার বিষয় সম্পর্কে সরেজমিনে তদন্ত বা বিচার বিভাগীয় অনুসন্ধান করা সমীচীন মর্মে প্রতিয়মান হয়।

ইহা অত্র কোর্টের নজরে এসেছে যে, কোনো কোনো আদালত বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর ১৯ ধারায় অপ্রাপ্ত বয়স্কের বিবাহ অনুষ্ঠানের আবেদন/কার্যধারাসমূহ অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ নিশ্চিতকরণার্থে কোনো প্রকার তদন্ত/অনুসন্ধান কার্যক্রম সম্পন্নকরণ ব্যতিরেকে বাল্যবিবাহের অনুমতি প্রদান করছে। এতে আইন প্রণয়নের উদ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে এবং অপ্রাপ্ত বয়স্ক পুরুষ ও নারীর স্বার্থ বিঘ্নিত হচ্ছে, যা কোনোভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর ১৯ ধারায় দাখিলী অপ্রাপ্ত বয়স্কের বিবাহ অনুষ্ঠানের আবেদন/কার্যধারাসমূহ নিষ্পত্তির পূর্বে অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ বিবেচনায় রেখে সরেজমিনে তদন্ত/বিচার বিভাগীয় অনুসন্ধান কার্যক্রমসহ সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল-কে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো ।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

আদেশক্রমে,

(মোঃ জাকির হোসেন) ১৯/১১/২০১৭
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg @supremecourt.gov.bd

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ ............................................(সকল)।
৪. বিচারক (জেলা জজ) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.......................(সকল)।
৫. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.............................................(সকল)।
৬. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ...............................................(সকল)।

(৩–৬: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

৭. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৮. গবেষণা ও তথ্য কর্মকর্তা বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সংরক্ষণের জন্য)।
৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৯/১১/১৭

(সোহাগ রঞ্জন পাল)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৫৮৮৪২৯ (অঃ)